

💵 কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায়: বিদ'আত ও বিভক্তি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ৬. বিভ্রান্ত দল-উপদলসমূহ

আমরা উপরে দেখেছি যে, সাহাবী-তাবিয়ীগণ আহলুস সুন্নাতের বিপরীতে আহলুল বিদ'আত উল্লেখ করছেন। আর জামা'আতের বিপরীতে রয়েছে 'ইফতিরাক বা 'তাফার্রুক' যার অর্থ বিচ্ছিন্নতা বা দলাদলি। এজন্য আহলুল বিদ'আতকে আহলুল বিদ'আত ওয়াল ইফতিরাক বলা হয়। এছাড়া সাহাবী-তাবিয়ীগণ এদেরকে আহলুল আহওয়া (الموى) বা প্রবৃত্তির অনুসারীগণ বলে আখ্যায়িত করতেন। বিদ'আত (البدعة) ও হাওয়া (الموى) শব্দদয়ের অর্থ ও ব্যবহার আমরা ইতোপূর্বে জেনেছি। এখানে আমরা এ সকল ফিরকার পরিচয়, ইতিহাস ও মতাদর্শ আলোচনা করব।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=13796

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন